



## ইরানের সাবেক প্রেসিডেন্ট আহমাদিনেজাদ বেঁচে আছেন: উপদেষ্টা



ইরানের সাবেক প্রেসিডেন্ট আহমাদিনেজাদ। ছবি: সংগৃহীত

ইরানের সাবেক প্রেসিডেন্ট মাহমুদ আহমাদিনেজাদ জীবিত ও সুস্থ আছেন বলে জানিয়েছেন তার এক ঘনিষ্ঠ উপদেষ্টা। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাম্প্রতিক হামলার প্রেক্ষাপটে তার মৃত্যুর গুজব ছড়িয়ে পড়ার পর রোববার বিষয়টি স্পষ্ট করা হয়।

তুরস্কভিত্তিক বার্তা সংস্থা আনাদোলু এজেন্সিকে দেওয়া বক্তব্যে ওই উপদেষ্টা বলেন, তিনি সরাসরি আহমাদিনেজাদের সঙ্গে যোগাযোগ করেছেন এবং তিনি নিরাপদ রয়েছেন। পরিচয় প্রকাশ না করার শর্তে তিনি নিশ্চিত করেন, সাবেক এই প্রেসিডেন্টের শারীরিক অবস্থা ভালো।

উপদেষ্টা আরও জানান, শনিবার তার নিরাপত্তা তৎপরতায় ব্যবহৃত একটি ভবনে হামলা হয়। এতে ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)-এর তিন সদস্য নিহত হন, যারা আহমাদিনেজাদের দেহরক্ষী হিসেবে দায়িত্বে ছিলেন। তবে তার ব্যক্তিগত বাসভবন, যা হামলাস্থল থেকে প্রায় ১০০ মিটার দূরে, সেটি আঘাতের বাইরে ছিল এবং কোনো ক্ষতি হয়নি। এর আগে কয়েকটি আন্তর্জাতিক মাধ্যমে দাবি করা হয়েছিল, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিমান হামলায় মাহমুদ আহমাদিনেজাদ নিহত হয়েছেন। উল্লেখ্য, তিনি ২০০৫ থেকে ২০১৩ সাল পর্যন্ত ইরানের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।